

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।

“টেন্ডার বিজ্ঞপ্তি”

কেডিএ রূপসা মার্কেট সংলগ্ন নব নির্মিত টিনশেডের স্পেস বাণিজ্যিক ব্যবহারের জন্য ০৫ (পাঁচ) বছর মেয়াদে এবং মেয়াদান্তে নবায়নের নিমিত্ত বরাদ্দ গ্রহণে ইচ্ছুক প্রকৃত ব্যবসায়ী/ব্যক্তিগণের নিকট থেকে কেডিএ'র নির্ধারিত টেন্ডার ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের শর্তাবলী সম্বলিত দরপত্র ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্য আগামী ২৭/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় কেডিএ'র অভ্যর্থনা কক্ষ থেকে সংগ্রহ করা যাবে। দরপত্র ফরম যথাযথভাবে পূরণ করে শর্তাবলীতে উল্লিখিত সংশ্লিষ্ট কাগজাদি/বিডি/পে-অর্ডার ইত্যাদিসহ আগামী ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অত্র কর্তৃপক্ষের পরিচালক (এস্টেট) মহোদয়ের কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে। প্রাপ্ত টেন্ডারসমূহ ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় কেডিএ'র সম্মেলন কক্ষে উপস্থিত টেন্ডার দাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। যে কোন বা সকল টেন্ডার গ্রহণ বা বাতিল করার ক্ষমতা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এ সংক্রান্তে অতিরিক্ত তথ্য জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সিনিয়র বৈষয়িক অফিসার  
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।  
ফোন নং- ০২-৪৭৭৭২০১৩৬

তারিখ : ০২/০৯/২০

স্মারক নং- ২৫.৪১.০০০০.০১২.০০৯১.২১- ২৯৮৪/২০

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা;
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা;
- ০৩। পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা;
- ০৪। জেলা প্রশাসক, খুলনা;
- ০৫। জনাব রনু রেজা (রনু ইকবাল বিখার), সার্বজনিক সদস্য, কেডিএ, খুলনা;
- ০৬। সচিব, কেডিএ, খুলনা;